জীবননগরে ইসলামী ব্যাংকের সামনে কর্মজীবী ও কর্ম প্রত্যাশীদের মানববন্ধন

জীবননগরে ইসলামি ব্যাংক সহ সকল ব্যাংকিং সেক্টরে বিশেষ অঞ্চলের একগুচ্ছ অবৈধ নিয়োগ বাতিল করে অবিলম্বে মেধাভিত্তিক নিয়োগের দাবিতে মানববন্ধন ও বিক্ষোভ সমাবেশ করেছে বৈষম্যবিরোধী চাকরি প্রত্যাশী পরিষদ।

গতকাল সোমবার সকাল ১০টার দিকে জীবননগর চ্যাংখালী রোডে ইসলামী ব্যাংকের সামনে এই বিক্ষোভ কর্মসূচি পালন করা হয়। বিক্ষোভ কর্মসূচিতে ইসলামি ব্যাংক গ্রাহক ফোরামের পক্ষে নেতৃত্ব দেন মো.ইব্রাহিম খলিল।

বিক্ষোভ সমাবেশে বক্তারা বলেন, ২০১৭ সাল থেকে ২০২৪ সাল পর্যন্ত এস আলম কতৃক সকল অবৈধ নিয়োগ বাতিল করতে হবে। মেধা যাচাইয়ের মাধ্যমে দক্ষ ও যোগ্য লোক নিয়োগ দানের ব্যবস্থা করতে হবে। এস আলম কতৃক বিদেশে পাচার কৃত সকল অর্থ ফেরত আনতে হবে। যেসকল ব্যাংক কর্মকর্তা ও ব্যক্তিবর্গ অপপ্রচার ছড়িয়ে ব্যাংকের সুনাম নষ্ট করছে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নিতে হবে।

ঝিনাইদহে ইসলামী ব্যাংকের চাকুরী প্রত্যাশী ও গ্রাহকদের মানববন্ধন

ইসলামী ব্যাংকসহ ব্যাংকিং সেক্টরে অবৈধ নিয়োগ বাতিল করে মেধাভিত্তিক নিয়োগের দাবীতে ঝিনাইদহে মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে।

গতকাল সোমবার সকালে ইসলামী ব্যাংক ঝিনাইদহ শাখার সামনে এ

কর্মসূচীর আয়োজন করে গ্রাহক ও চাকুরী প্রত্যাশীরা। সেসময় ব্যানার ফেস্টুন নিয়ে ওই শাখার গ্রাহকসহ নানা শ্রেণী পেশার মানুষ অংশ নেয়। ঘন্টাব্যাপী চলা এই কর্মসূচীতে গ্রাহক আল মাহমুদ, হাদি মহাম্মদ, জিয়াউল ইসলাম খান, কাজী রফিকুল ইসলাম, আব্দুল্লাহ আল মামুন, আব্দুল কুদ্দুস, আব্দুস সবুরসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

সেসময় বক্তারা অভিযোগ করেন, ২০১৭ সাল থেকে ২০২৪ সাল পর্যন্ত এস আলম কর্তৃক অবৈধভাবে হাজার হাজার কর্মী ইসলামী ব্যাংকে নিয়োগ দেওয়া হয়েছে। একই সাথে ব্যাংকের বিপুল পরিমাণ অর্থ বিদেশে পাচার করা হয়েছে। তাই দ্রুত অবৈধ ভাবে নিয়োগ দেওয়া কর্মীদের ছাটাই করে মেধাভিত্তিক নিয়োগ দেওয়ার দাবী জানান বক্তারা।

গাংনীতে ইসলামী ব্যাংকের ৩৯৯ তম শাখা উদ্বোধন

শরী‘আহ ভিত্তিক আধুনিক ব্যাংকিংয়ের সকল সুবিধা নিয়ে ইসলামী ব্যাংক বাংলাদেশ পিএলসির ৩৯৯ তম শাখা উদ্বোধন করা হয়েছে। বৃহস্পতিবার (৫ ডিসেম্বর) সকালে মেহেরপুরের গাংনী উপজেলা শহরের প্রাণকেন্দ্র বাসস্ট্যান্ড বাজার এলাকায় আধুনিক টাওয়ারে শাখাটি উদ্বোধন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন ইসলামী ব্যাংক বাংলাদেশ পিএলসি’র ম্যানেজিং ডাইরেক্টর মুহাম্মদ মুনিরুল মওলা।

অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন, ব্যাংকের অ্যাডিশনাল ম্যানেজিং ডাইরেক্টর মোহাম্মদ আলতাফ হুসাইন, ডেপুটি ম্যানেজিং ডাইরেক্টর মাকসুদুর রহমান, গাংনী উপজেলার নির্বাহী অফিসার প্রীতম সাহা, মেহেরপুর জেলা জামায়াতের আমীর মাওলানা তাজ উদ্দিন খান।

ব্যাংকের সিনিয়র এক্সিকিউটিভ ভাইসপ্রেসিডেন্ট ও যশোর জোনপ্রধান মাহবুব-এ আলমের সভাপতিত্বে কল্যাণমুখী ব্যাংকিংয়ের উপর মূল বক্তব্য উপস্থাপন করেন ইসলামী ব্যাংক বাংলাদেশ পিএলসির সিনিয়র ভাইসপ্রেসিডেন্ট শরীআহ সেক্রেটারিয়েট মোহাম্মদ হাবিবুর রহমান।

স্বাগত বক্তব্য রাখেন ব্যাংকের এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট মোঃ মজনুজ্জামান এবং ধন্যবাদ জ্ঞাপন করেন গাংনী শাখাপ্রধান মাসুদ করিম।

আমন্ত্রিত অতিথিদের পক্ষ থেকে শুভেচ্ছা বক্তব্য রাখেন বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা আমীর মাওলানা তাজ উদ্দিন খান, জেলা সেক্রেটারি মোঃ ইকবাল হোসেন, মেহেরপুর সদর উপজেলা আমীর মাওলানা মোঃ সোহেল রানা, গাংনী উপজেলা আমীর ডাঃ রবিউল ইসলাম, সাবেক উপজেলা চেয়ারম্যান উপজেলা কর্মপরিষদ সদস্য নাজমুল হুদা, জেলা শূরা সদস্য সাবেক গাংনী পৌর আমীর মাওলানা আব্দুর রহমান, পৌর জামায়াতের বায়তুলমাল সম্পাদক মোঃ জিল্লুর রহমান প্রমুখ।

এসময় ব্যাংকের এক্সিকিউটিভ মোঃ হাসিবুল ইসলাম, রাশেদ ওসমান, মোঃ জাহাঙ্গীর আলমসহ প্রধান কার্যালয় ও বিভিন্ন শাখার কর্মকর্তারা, ব্যবসায়ী, শুভানুধ্যায়ী ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিরা উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির বক্তব্যে মুহাম্মদ মুনিরুল মওলা বলেন, বর্তমানে ইসলামী ব্যাংক দেশের সর্ববৃহৎ ও শক্তিশালী ব্যাংক। নতুন বাংলাদেশে গ্রাহকরা ইসলামী ব্যাংককে আরো বেশি আস্থার ব্যাংক হিসেবে নিয়েছেন। গ্রাহকরা এখন নির্বিঘ্নে ইসলামী ব্যাংকের প্রতিটি শাখায় সেবা গ্রহণ করছেন।

তিনি বলেন, ইসলামী ব্যাংক দেশের একটি ঐতিহ্যবাহী ব্যাংক। একঝাঁক সৎ, দক্ষ ও নিষ্ঠাবান কর্মী আধুনিক ব্যাংকিং প্রযুক্তির সমন্বয়ে ব্যাংকিং সেবা দিয়ে যাচ্ছেন। তিনি দেশের অন্যান্য শাখার মতো গাংনী শাখায়ও ইসলামী ব্যাংকের সর্বজনীন ও কল্যাণধর্মী সেবাসমূহ গ্রাহকের কাছে নিরবচ্ছিন্নভাবে পৌঁছে দেয়ার প্রত্যয় ব্যক্ত করেন।

ইসলামী ব্যাংকের পরিচালনা

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

আজ বুধবার দুপুরে সরেজমিন গিয়ে দেখা যায়, একটি জানালার গ্রিল কাটা। ভল্টের তালা ভাঙা, সিসিটিভির ডিভিআর নেই। অগোছালো আলমারি। উৎসুক জনতা ভিড় করতেও দেখা গেছে।

এ সময় এজেন্ট ব্যাংকিং শাখার ইনচার্জ মো. শামসুল আলম জানান, প্রতিদিনের মতো সকালে অফিস খোলার পর দেখেন ব্যাংকের আলমারী তছনছ। ভেতরে গিয়ে দেখেন জানালার গ্রিল কাটা, ভল্টের তালা ভাঙা। ভল্টে রাখা পাঁচ লাখ ২৩ হাজার ৬৮৪ টাকা নেই। সিসিটিভির ডিভিইয়ার নেই। আলমারি অগোছালো।

তিনি আরও বলেন, আমাদের নিজস্ব নৈশ প্রহরী না থাকলেও বাজারের নৈশ প্রহরীরা পাহারা দিয়ে থাকে। তাঁর ভাষ্য, রাতের আধারে ব্যাংকে চুরির ঘটনা ঘটেছে। তিনি থানায় মামলার প্রস্তুতি নিচ্ছেন।

কুমারখালী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. আকিবুল ইসলাম জানান, চুরির ঘটনাটি রহস্যজনক মনে হচ্ছে। তিনি ঘটনাস্থল পরিদর্শন করেছেন। ঊর্ধ্বতন কর্মকর্তারাও ঘটনাস্থল পরিদর্শন করেছেন। ঘটনার গভীর তদন্ত চলছে। এখনও লিখিত অভিযোগ পাওয়া যায়নি।

আলমডাঙ্গায় ইসলামী ব্যাংকে ঢুকে টাকা ছিনতাই, গ্রেপ্তার ১

দিবালোকে ইসলামী ব্যাংকে ঢুকে ১০ লাখ টাকা ছিনতাইয়ের ঘটনায় এক যুবককে আটক করেছে পুলিশ। বৃহস্পতিবার বেলা সাড়ে ১২ টায় আলমডাঙ্গা শহরের ইসলামী ব্যাংকের একটি শাখায় এমন ঘটনা ঘটে। ওই ঘটনায় ব্যাংকের ম্যানেজার (অপারেশন্স) মোমিনুল ইসলাম বাদি হয়ে থানায় মামলা করেছেন।

আটকৃত যুবক হলেন- দামুড়হুদা উপজেলার দর্শনা থানার দুধপাতিলা গ্রামের নুরু মিয়ার ছেলে উজ্জল (২৮)। তার বিরুদ্ধে বিভিন্ন থানায় তিন চুরি ও ১ মাদক মাদক মামলা রয়েছে।

প্রত্যক্ষদর্শীরা জানান, বৃহস্পতিবার বেলা সাড়ে ১২ টার দিকে

আলমডাঙ্গা পৌরশহরের আলতায়েবা মোড়ের, ইসলামী ব্যাংকের একটি শাখায় উজ্জল নামের এক যুবক প্রবেশ করে। সে সুযোগ বুঝে ক্যাশ ইনচার্জের কাউন্টারে প্রবেশ করে। ওই কাউন্টারের টেবিলে থাকা এক হাজার টাকার নোট (সম্বলিত) দশ বান্ডিল টাকা ছিনিয়ে নেবার চেষ্টা করে। এসময় ক্যাশ ইনচার্জ কায়সার আলম বাঁধা দিলে তাকে ধাক্কা মেরে পালিয়ে যাবার চেষ্টা করে। তিনি আঘাত প্রাপ্ত হয়ে চিৎকার দিলে ব্যাংকের অন্যান্য কর্মকর্তা ও উপস্থিত গ্রাহকেরা ছিনতাইকারীকে ধাওয়া করে। একপর্যায়ে ওই ছিনতাইকারীকে আটক করে গণধোলাই দেয় উপস্থিতিরা। পরে, থানা পুলিশ ব্যাংকে পৌছালে তাদের নিকট তুলে দেয় ব্যাংকের কর্মকর্তা।

ইসলামী ব্যাংকের ম্যানেজার আব্দুল ওয়াদুদ জানান, ছিনতাইকারীর নিকট থেকে দশ লাখ টাকা উদ্ধার করা হয়েছে। পরে, ওই টাকা ব্যাংকের ক্যাশ ইনচার্জ কায়সার আলমের কাছে বুঝিয়ে দেওয়া হয়েছে।

আলমডাঙ্গা থানার পরিদর্শক (ওসি) বিপ্লব কুমার নাথ বলেন, খবর পেয়ে দ্রুত সময়ে ব্যাংকে পুলিশ পাঠানো হয়েছে। ছিনতাইকারী ওই যুবককে আটক করে থানায় নিয়ে আসা হয়। বিকেলে ওই ব্যাংকের ম্যানেজার (অপারেশন্স) বাদি হয়ে মামলা করেছেন।